ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে অনলাইন প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

ঝিনাইদহ জেলা শিল্পকলা একাডেমিতে শুক্রবার বিকালে ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত হয় মেধাবী ঝিনাইদহ নামক অনলাইন প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও ক্যারিয়ার প্লানিং বিষয়ক আলোচনা সভা-২০২১।

জেলা প্রশাসক মো মজিবর রহমানের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় কমিশনার মো ইসমাইল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মো মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড বিএম রেজাউল করিম।

মেধাবী ঝিনাইদহ অনলাইন প্রতিযোগিতার বিষয় গুলো ছিলো কবিতা আবৃত্তি প্রতিযোগিতা, বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং সংগীত প্রতিযোগিতা। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী প্রতিযোগি শিক্ষার্থীদের পুরষ্কার বিতরণ পর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা হয়।

ঝিনাইদহে নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহে নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। শুক্রবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে নানা অনুষ্ঠানের আয়োজন করা

হয়।ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর থানর ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা।

এসময় অতিথি ছিলেন ভাষা সৈনিক নন্দ দুলাল সাহা, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু,দৈনিক ইত্তেফাক পত্রিকার ভ্রাম্যমাণ প্রতিনিধি বিমল কুমার সাহা,কালেকন্ঠ পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি এম সাইফুল মাবুদ,ইনকিলাব পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি মোস্তফা মাজেদ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এস এ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের ঝিনাইদহ প্রতিনিধি সোহাগ আলী।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, নিউজবাংলা অনলাইন পত্রিকাটি আমি শুরু থেকে দেখে আসছি তারা বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশ করছে।যাত্রার শুরু থেকেই নিউজ বাংলা সংবাদপত্র ও সাংবাদিকতার মুল ধারাকে সামনে রেখে সংবাদ পরিবেশন করছে।আগামী দিনে এই ধারাবাহিকতা বজায় রেখে দেশের সার্বিক উন্নয়ন দেশ তথা বিশ্ববাসীর সামনে তুলে ধরুক এই কামনা করি।আমি এই নিউজপোর্টালের উত্তোরত্তোর সফলতা কামনা করছি।

অনুষ্ঠানের সভাপতি ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান বলেন,দেশ ও দেশের মানুষের কথা বলা এই অনলাইন পত্রিকাটি জেলার অনিয়ম, দুর্নীতি, দুর্ভোগ, উন্নয়ন,সম্ভাবনার সংবাদ তুলে ধরবে এই কামনা করি। সামনের দিনগুলোতে তারা আরও ভালো সংবাদ পরিবেশন করবেন এমনটি আশা করি সংশ্লিষ্টদের কাছে। অনুষ্ঠানের আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ কেক কেটে নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেন।

কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত

“আমরা কন্যাশিশু-প্রযুক্তিতে সমৃদ্ধ হবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার আয়োজনে বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম, পল্লী উন্নয়ন অফিসার সেলিম রেজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সহকারি শিক্ষক বাবুল আক্তার, পৌর কিশোর কিশোরী ক্লাবের শিক্ষার্থী অহনা বিশ্বাস প্রমূখ। এসময় শিশু শিক্ষার্থী-অভিভাবক সহ সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে কৃষিবনায়ন গবেষনা ভিত্তিক বশেমুরকৃবির মাঠ দিবস অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে কৃষকের মাঠে ফল বাগান-ভিত্তিক কৃষি বনায়ন পদ্ধতিতে বশেমুরকৃবি কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন সবজি চাষের উপর গবেষণা বিষয়ক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার উপজেলার বলুহর ইউনিয়ন পরিষদ চত্তরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এর কৃষিবনায়ন ও পরিবেশ বিভাগের বাস্তবায়নে ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।
বশেমুরকৃবি এর প্রধান গবেষক প্রফেসর ড. মোঃ আবিয়ার রহমানের

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এর ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গিয়াস উদ্দিন মিয়া। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ মোঃ আজগর আলী।
উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মোঃ হুমায়ন কবিরের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এর কৃষিবনায়ন ও পরিবেশ বিভাগের প্রফেসর ড. সত্যরঞ্জন সাহা, বশেমুরকৃবি এর জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং বিভাগের প্রফেসর ড. নাসরিন আক্তার আইভি, উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মোঃ মহাসীন আলী, সুপ্রিম সীডের ডিএমডি মোঃ মাহতাব উদ্দিন প্রমূখ।

হরিণাকুণ্ডুতে মৎস্য চাষ উন্নয়নে জলাশয় পুনঃখনন

সরকারের অর্থনীতির চাঁকা সচল রাখতে মৎস্য সেক্টর গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তারই ধারাবাহিকতায় মৎস্য অধিদপ্তরের অধিনে জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ঝিনাইদহ জেলায় হরিণাকুন্ডু উপজেলায় পলি পড়ে ভরাট হওয়া সোনাতনপুর বাওড়ে ৩১ লাখ, কাপাশহাটিয়া বাওড়ে ৭৫লাখ, নারায়নকান্দি বাওড় ও পুকুরে ৬লাখ ২০হাজার এবং গাড়াবাড়িয়া সরকারী পুকুর খননে ৪লাখ ৮৬ হাজার টাকা অনুমোদিত প্রকল্প প্রস্তাব অনুযায়ী পুনঃখনন এর মাধ্যমে মৎস্য চাষের উপযোগি করে তোলা হয়েছে।
এসব জলাশয় গুলি খননের পূর্বে বছরে ৩-৪ মাস পানি ধরে রাখতে পারতো। এখন পুনঃখননের ফলে ১২ মাসই মাছ চাষ করা যাবে। ফলে মাছের উৎপাদন আগের চেয়ে দ্বিগুন বৃদ্ধি পাবে এবং প্রায় ৫হাজার মৎস্যজীবি ও প্রান্তিক মৎস্য চাষীদের কর্মসংস্থানসহ দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করবে। কাপাশহাটিয়া বাওড়ের পার্শ্ববর্তী জমিগুলি আর এস রের্কড এর মাধ্যমে মালিকানায় চলে গেছে। বর্ষাকালে প্লাবিত হলে বাওড়ের মাছ পার্শ্ববর্তী জমির

মালিকগণ জাল, বর্ষিরছিপ দিয়ে ধরে নিত যার ফলে উভয় পক্ষের মধ্যে প্রায়ই বিরোধ সৃষ্টি হতো। পুনঃখননের কাজ শুরু করার পূর্বে হরিণাকুন্ডু উপজেলা ভূমি অফিসের মাধমে নিষ্কন্ঠক জমির সীমানা নির্ধারন করে নেওয়া হয়। বাওড়ের পার্শ্ববর্তী জমির রেকর্ডীয় সূত্রে মালিকদের হস্থক্ষেপ না থাকায় সুষ্টু ব্যবস্থাপনায় মাছ চাষ হচ্ছে। সোনাতনপুর বাওড় পুনঃখননের ফলে বাওড়টি দুই পাড় দৃষ্টি নন্দন হয়েছে। বাওড়ের সুফলভোগী মৎস্যজীবিদের সাথে আলাপ করে জানা যায় বাওড়ের গভীরতা বৃদ্ধি পাওয়ায় মৎস্য উৎপাদন দ্বিগুণ বৃদ্ধি পাবে। বাওড়ের দুই পাশের বাঁধ যেভাবে তৈরি করা হয়েছে তাতে ৩০ বছরেও নষ্ট হবেনা বলে ধারণা করা হচ্ছে। বাঁধের উপর দিয়ে লোকজন চলাচল করে। বাঁধের উপর মাটি দেওয়ায় বাঁধটি মজবুত হয়েছে। বাওড়ের দুই পাশে গ্রামের লোকজনের চলাচলের রাস্তা হিসাবে ব্যবহৃত হচ্ছে। সোনাতনপুর বাওড়ের পাশেই হাই স্কুল অবস্থিত। স্কুলের ছাত্র-ছাত্রী, শিক্ষকসহ গ্রামবাসি বাঁধ এর উপর দিয়ে যাতায়াত করে।
গত ২৭ সেপ্টেম্বর মৎস্য বিভাগের প্রকল্প পরিচালক ড. আলীমুজ্জামান হরিণাকুণ্ডু উপজেলার এসব প্রকল্প ঘুরে দেখেন এবং খননকৃত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ, ফলজ বৃক্ষরোপন, ও উন্নয়নকুত জলাশয়গুলোর সুফলভোগীদের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি বলেন মৎস্য অধিদপ্তরের মাধ্যমে দীর্ঘদিন পর পুন: খননেন ফলে ভরাট হওয়া বাউড় গুলো আবার তার নাব্যতা ফিরে পেলো এত মাছের উৎপাদন যেমন বৃদ্ধিপাবে তেমনি এলাকাবাসীর কর্মসংস্থান সৃষ্টিসহ সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এসময় উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা মোঃ আলফাজ উদ্দীন শেখ, ৫নং কাপাশহাটীয়া ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান সরাফদৌলা ঝন্টু, উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম, বিভাগীয় মৎস্য প্রকৌশলী আব্দুল মান্নান, উপসহকারী প্রকৌশলী সোহেল আহাম্মেদসহ মৎস্যজীবি ও অন্যান্য ব্যক্তিবর্গ। হরিণাকুন্ডু উপজেলায় মৎস্য চাষের উপযোগী অনেকগুলি বাওড়, খাল, পুকুর রয়েছে। মৎস্য সম্পদ উন্নয়নে মৎস্য অধিদপ্তর যদি ভরাট হওয়া মৎস্য চাষের অনুপযোগী জলাশয় গুলি পুনঃখনন এর ব্যবস্থা করে তাহলে অত্র এলাকাসহ দেশের মৎস্য উৎপাদনে দারিদ্র বিমোচনসহ আর্থসামাজিক উন্নয়নে যথেষ্ট ভূমিকা রাখবে বলে এলাকার সচেতন মহল আশাবাদ ব্যক্ত করেন ।

ঝিনাইদহ পলিটেকনিকের ৫৬টি কম্পিউটার তছনছ ও যন্ত্রাংশ চুরি

ঝিনাইদহ পলিটেকনিক ইনষ্টিটিউটে দু:সাহসিক চুরির ঘটনা ঘটেছে। মঙ্গলবার রাত দুই টার দিকে প্রতিষ্ঠানটির মুল ভবনের দ্বিতীয় ও তৃতীয় তালায় চুরি সংগঠিত হয়। এসময় চোরচক্র প্রায় ৫৬ টি কম্পিউটারের যন্ত্রাংশ খুলে নিয়ে যায়। প্রতিষ্ঠানের অধ্যক্ষ প্রকৌশলী সাজেদ উর রহমান জানান, কলেজের সিসি ক্যামেরায় দেখা যায় মঙ্গলবার রাত পৌনে ৩ টার দিকে লুঙ্গি ও প্যান্ট পরিহিত ৩ জন ব্যাক্তি প্রাচীর টপকে মই দিয়ে ২য় তলায় ওঠে। তারা ২য় ও ৩য় তলায় থাকা কম্পিউটার ল্যাবের তালা কেটে ভেতরে ঢুকে অর্ধ-শতাধিক কম্পিউটারের র্যাম ও প্রসেসর খুলে নিয়ে যায়। এমনকি তারা যাওয়ার সময় কম্পিউটার ল্যাব’র দরজায় অন্য তালা লাগিয়ে চাবি প্রতিষ্ঠানে ফেলে রেখে যায়। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় মামলা করা হবে বলে জানান তিনি। কলেজের নিরাপত্তা প্রহরী বিল্লাল হোসেন বলেন, রাত ১০ টার দিকে আমি ডিউটিতে জয়েন করি। রাতে কখন চুরি হয়েছে আমি কিছুই জানি না। তবে এই চুরির সঙ্গে পলিটেকনিক ইনষ্টিটিউটের কেউ না কোউ জড়িত আছে বলে পুলিশ ধারণা করছে। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, আমরা চুরির ঘটনায় একটি অভিযোগ পাওয়ার পর সেখানে পুলিশ পাঠিয়েছি। চুরি হওয়া মালামাল উদ্ধার ও দোষীদের গ্রেফতারে অভিযান চালানো হচ্ছে।

কোটচাঁদপুরে বাল্য বিবাহ হলে ইমাম ও কাজির বিরুদ্ধে

ব্যবস্থা

বাল্য বিবাহ হলে ইমাম ও কাজির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বললেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। বাল্য বিবাহ দিয়ে মেয়েদের কে থামিয়ে দেওয়া হচ্ছে। ইভটিজিং ও সামাজিক অবক্ষয়ের কারনে বাল্য বিবাহ হচ্ছে। এবিষয়ে কোন প্রকার ছাড় দেওয়া হবে না। বুধবার দুপুরে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে ওপেন হাউজ ডে অনুষ্ঠানে এইসব কথা বলেন জেলা পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। এসময় তিনি বলেন, জেলার অন্য সব সরকারি অফিস থেকে বর্তমান জেলা পুলিশ অনেক সচ্ছ। আগামী ইউপি নির্বাচনে জনগণ তাদের ভোটাধিকার প্রয়োগ করে যাকে ইচ্ছা তাকে নির্বাচিত করবে বলেও জানান এই পুলিশ কর্মকর্তা। অবাধ ও সুষ্ঠ নির্বাচনের ব্যপারে পুলিশের পক্ষ থেকে সকল প্রকার ব্যবস্থা গ্রহন করা হবে।

“পুলিশই জনতা জনতাই পুলিশ” এই প্রতিপাদ্য নিয়ে ওপেন হাউজ ডে অনুষ্ঠানে পারিবারিক সহিংসতা, ইভটিজিং, বাল্যবিবাহ, আত্মহত্যা, নারী ও শিশু নির্যাতন নিয়ে আলোচনা করা হয়। কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিনের সভাপতিত্বে ওপনে হাউজ ডে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। থানার ওসি (তদন্ত) ইন্সপেক্টর ইমরান আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, আব্দুল মতিন প্রমূখ। এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, আব্দুর হান্নান সহ, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

হরিণাকুন্ডুতে দুর্বৃত্তের হামলায় উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আহত

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে পেশাগত কাজ শেষ করে উপজেলা প্রেসক্লাবে ফেরার পথে দুর্বৃত্তের হামলায় হরিণাকুন্ডু উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক, আনন্দ টিভি’র উপজেলা প্রতিনিধি জাফিরুল ইসলাম আহত হয়েছেন। জাফিরুল ইসলাম পারদখলপুর গ্রামের গোলাপ আলীর ছেলে। সোমবার (২৭ সে্◌েপ্টম্বর) বিকাল আনুমানিক পৈানে চারটার দিকে উপজেলা মোড়ের যাত্রী ছাউনির সামনে এ ঘটনা ঘটে। এ ঘটনায় হরিণাকুন্ডু উপজেলা প্রেসক্লাবে কর্মরত সাংবাদিকসহ স্থানীয় সাংবাদিকরা সংক্ষুব্ধ হয়েছেন।
প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার পেশাগত কাজ শেষ করে জাফিরুল ইসলাম মোটরসাইকেল যোগে উপজেলা মোড়ের দোয়েল চত্বরের পাশে যাত্রী ছাউনির সামনে পৈাছালে সাইফুজ্জামান তাজু, রুবেল, রাব্বুল, আব্বাসসহ ৫জন দুর্বৃত্ত লোহার রড, হাতুড়ি ও দেশিয় অস্ত্র-শস্ত্র নিয়ে তার ওপর হামলা করে। এসময় জাফিরুল ইসলাম দুর্বৃত্তের হামলায় মারাত্বক আহত হন। এ সময় তার কাছে থাকা নগদ টাকা, মোবাইল ও ক্যামেরা ছিনিয়ে নেন বলে জানান। পরে তাকে উদ্ধার করে প্রথমে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে অবস্থার অবনতি হলে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করেন।
হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা ঘটনার সত্যতা স্বীকার করে জানিয়েছেন, প্রেসক্লাবের গ্রুপিং নিয়ে এই হামলার ঘটনা ঘটতে পারে বলে তিনি মন্তব্য করেন। এ বিষয়ে এখনও তিনি কোনো অভিযোগ পাননি। অভিযোগ পেলে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলে জানান তিনি।

শৈলকুপায় শিক্ষার্থী ও নারীদের মাঝে বাই সাইকেল ও সেলাই মেশিন বিতরণ

ঝিনাইদহের শৈলকুপায় অসহায় শিক্ষার্থী ও নারীদের মাঝে বাই সাইকেল ও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। সোমবার সকালে উপজেলা চেয়ারম্যান শিকদার শেফালী বেগম ও ◌্ধসঢ়;উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা উপস্থিত থেকে উপজেলা চত্বরে এসব সামগ্রী বিতরণ করেন। এ সময় অসহায় গরীব শিক্ষার্থী ও নারীদের মাঝে ১৪ টি বাই সাইকেল ও ২০ টি সেলাই মেশিন বিতরণ করা হয়। শিক্ষার্থী জান্নাতুল ইসলাম প্রতিভা বলেন, আমার একটি সাইকেল খুবই দরকার ছিল তাই সাইকেল পেয়ে আমি খুব খুশি হয়েছি। আমার যাতায়াতের জন্য ভাল হলো যা লেখাপড়ার জন্য সহায়ক ভ’মিকা পালন করবে। কবিরপুরের মিলি খাতুন বলেন, পরিবার পরিজন নিয়ে কষ্টে ছিলাম তাই সেলাই মেশিন পেয়ে আমি খুশি। আমার সংসারে আয়ের একটা গতি হলো । এসব সামগ্রী বিতরণকালে উপজেলার বিভিন্ন দপÍরের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ৩টি হ্যান্ড গ্রেনেড ও ২’শ ৪৮ রাউন্ড গুলি উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাটিতে পুতে রাখা অবস্থায় পরিত্যক্ত ৩টি পাকিস্তানি তৈরী এম-৩৬ আরজেস্ট হ্যান্ড গ্রেনেড উদ্ধার করা হয়েছে। সোমবার দুপুরে ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানি কমান্ডার মেজর মীর্জা মোহাম্মদ শরিফুল আহ্সানের নেতৃত্বে পৌর এলাকার ডাকবাংলো পাড়ার একটি কলা বাগান থেকে মাটিতে পুতে রাখা অবস্থায় গ্রেনেডগুলি উদ্ধার করা হয়। র্যাব জানায়, উদ্ধারকৃত হ্যান্ড গ্রেনেড ৩টি পাকিস্তানের তৈরী। পরে র্যাবের খুলনা বোমা ডিসপোজাল ইউনিট উদ্ধারকৃত হ্যান্ড গ্রেনেড ৩টি নিষ্ক্রিয় করেন।

এসময় র্যাবের স্কট কমান্ডার তারেক আনাম বান্না ও কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন উপস্থিত ছিলেন। জানা যায়, মুজিব বাহিনীর লিডার প্রয়াত বীর মুক্তিযোদ্ধা সামছুদ্দিন মন্ডলের ছেলে উজ্জ্বল (৪৫) বেশ কিছু দিন আগে পৈত্রিক জমিতে হলুদের চাষ করতেন। সে সময় হলুদ বাগানের পরিচর্যা করতে গিয়ে মাটিতে পুতে রাখা ২’শ ৪৮ রাউন্ড থ্রি নট থ্রি রাইফেলের গুলি পান। উজ্জ্বল গুলিগুলো বাগান থেকে নিজ বাড়িতে নিয়ে আসেন। গত শনিবার রাতে বিষয়টি তিনি থানা পুলিশকে জানালে
ওই রাতেই তার বাড়িতে থাকা বস্তা বন্দি অবস্থায় ২’শ ৪৮ রাউন্ড থ্রি নট থ্রি রাইফেলের গুলি পুলিশের নিকট হস্তান্তর করেন উজ্জ্বল। এখানে আরো আগ্নেয়াস্ত্র ও গোলা বারুদ থাকতে পারে এমন আশংকায় সোমবার সকালে র্যাবের বোমা ডিসপোজাল ইউনিট ঘটনাস্থলে আসেন ও অনুসন্ধান চালান। পরে সেখান থেকে মাটিতে পুতে রাখা এম-৩৬ আরজেস্ট হ্যান্ড গ্রেনেড গুলি উদ্ধার করা হয়। এদিকে কোটচাঁদপুর থানা পুলিশ গুলি উদ্ধারের বিষয়ে নিরব থাকার কারনে স্থানীয় সাংবাদিকরা সংবাদ সংগ্রহ করতে গিয়ে বিপাকে পড়েন।